



শেখ হাসিনার মামলার রায়কে ঘিরে সর্বোচ্চ সতর্কতায় আইনশৃঙ্খলা বাহিনী: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

আগামীকাল সোমবার চক্ৰিশের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানকালীন মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ আরও দুই ব্যক্তির বিষয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায় ঘোষণা করা হবে। এ উপলক্ষে দেশের সব আইনশৃঙ্খলা বাহিনী প্রস্তুত রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

রোববার (১৬ নভেম্বর) দুপুরে বরিশাল জেলা পুলিশ লাইনস পরিদর্শন শেষে মাঠ প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন তিনি। বৈঠক শেষে তিনি জানান, সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা আগে থেকেই জোরদার করা হয়েছে যাতে রায়কে কেন্দ্র করে কোনো ধরনের বিশৃঙ্খলা সৃষ্টি না হয়।

তিনি আরও বলেন, দেশের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। সুষ্ঠু নির্বাচন আয়োজন শুধু বাহিনীর দায়িত্ব নয়—এতে নির্বাচন কমিশন, রাজনৈতিক দল এবং জনগণের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। নাগরিকরা যখন ভোটের প্রতি আগ্রহী থাকে, তখন কোনো শক্তির নির্বাচন প্রক্রিয়া বাধাগ্রস্ত করতে পারে না।

বরিশালের নখুল্লাবাদ এলাকায় সাম্প্রতিক ঘটনার প্রসঙ্গে স্বরাষ্ট্র উপদেষ্টা জানান, স্থানীয় দুই পক্ষ আলোচনার মাধ্যমে বিষয়টির সমাধান করবে। পাশাপাশি ভবিষ্যতে এমন পরিস্থিতি যাতে আর না ঘটে, সে জন্য আইনশৃঙ্খলা বাহিনী বাড়তি সতর্ক থাকবে।